গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় ঃ উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ ঃ ২৬/০১/২০২২ খ্রিঃ।
সময় ঃ বেলা-১১.০০ টা।
স্থান ঃ কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি ঃ কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ১৪/১১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রথম কিস্তির বরাদ্দকে চারগুন করে সম্ভাব্য প্রাপ্তি ধরে প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করায় ইউপি হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। তিনি প্রকল্পগুলি সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। উপস্থাপিত এবং পঠিত প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে এডিপি-এর অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে নিম্নলিখিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| | ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি-এর বরাদ্দ দ্বারা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য এবং অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত প্রকল্পের তালিকা নিম্নরূপ ঃ<br>১। বাবরা হাচলা ইউপি ঃ প্রকল্পের নাম ঃ শুক্তগ্রাম বাজার চান্দিনা সংস্কার- বরাদ্দ = ১,০০,০০০/-<br>২। পুরুলিয়া ইউপি ঃ প্রকল্পের নাম ঃ পারভোমবাগ পাকা রাস্তা হতে মসজিদ অভিমুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৩। হামিদপুর ইউপি ঃ প্রকল্পের নাম ঃ ভোমবাগ মানিকের বাড়ীর পার্শ্বে রাস্তায় একটি কালভার্ট নির্মাণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৪। মাউলী ইউপি ঃ প্রকল্পের নাম ঃ মাউলী ইউনিয়নের দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৫। সালামাবাদ ইউপি ঃ প্রকল্পের নাম ঃ বলাডাঙ্গা নির্মল দাশের বাড়ীর দক্ষিণপার্শ্বে রাস্তায় বক্স কালভার্ট নির্মাণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৬। খাশিয়াল ইউপি ঃ প্রকল্পের নাম ঃ খাশিয়াল সবুজ সংঘ, চোরখালী সূর্যতরুন ক্লাব, টোনা নবচেতনা সংঘ, বড়দিয়া ক্রিকেট একাডেমী ও পাটনা তরুন সংঘ ক্লাবে খেলার সামগ্রী বিতরণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৭। জয়নগর ইউপি ঃ প্রকল্পের নাম ঃ জয়নগর ইউপি অফিসেরসামনের রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৮। কলাবাড়ীয়া ইউপি ঃ প্রকল্পের নাম ঃ কলাবাড়ীয়া পূর্বপার এবরানের বাড়ী জাহিদুলের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন ও কলাবাড়ীয়া পশ্চিমপার উজ্জ্বল শেখের বাড়ীর পার্শ্বে বক্স কালভার্ট নির্মাণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>৯। বাঐসোনা ইউপি ঃ প্রকল্পের নাম ঃ উত্তর ডুমুরিয়া মোঃ আমিনুর রহমান বুলু এর বাড়ীর উত্তর পার্শ্বে কালভার্ট নির্মাণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১০। পহরডাঙ্গা ইউপি ঃ প্রকল্পের নাম ঃ পহরডাঙ্গা সরসপুর মধুমতি আদর্শ মাধ্যমিক বিদ্যালয় পাঠাগার সংস্কার, সি,এম,বি ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয় পাঠাগার ও চাপাইল,মুলশ্রী চরমধুপুর দাখিল মাদ্রাসা পাঠাগার সংসকার- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১১। পেড়ূলী ইউপি ঃ প্রকল্পের নাম ঃ পেড়ূলী খানকাপাড়া পাকা রাস্তা হতে নজরুল শেখের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সলিং নির্মাণ ও রিং বাধ নির্মাণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১২। ইলিয়াছাবাদ ইউপি ঃ প্রকল্পের নাম ঃ বড়নাল কিছলু মোল্যার বাড়ীর পার্শ্বে রাস্তায় একটি কালভার্ট নির্মাণ- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১৩। পাঁচগ্রাম ইউপি ঃ প্রকল্পের নাম ঃপাঁচগ্রাম ওসমানগণি মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ সংস্কার- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১৪। প্রকল্পের নাম ঃ পেড়লীস্থান মেইন রাস্তা হতে জামে মসজিদ পর্যন্ত রাস্তা ও নওয়াগ্রাম ইকরাম শেখ-এর বাড়ী হতে নদীর কূল পর্যন্ত ইটের সলিং রাস্তা সংস্কার- বরাদ্দ = ২,০০,০০০/-<br>১৫। প্রকল্পের নাম ঃ বাঐসোনা ইউপি কমপ্লেক্স-এর পানির লাইন ও ল্যাট্রিন সংস্কার- বরাদ্দ = ২,০০,০০০/-<br>১৬। প্রকল্পের নাম ঃ পাঁচগ্রাম ইউপি এর পেড়লীস্থান, বুড়িখালী বিলের পানি নিষ্কাশনের পাইপলাইন স্থাপন- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১৭। প্রকল্পের নাম ঃ জামরিলডাঙ্গা বাজার চান্দিনা সংস্কার- বরাদ্দ = ২,০০,০০০/-<br>১৮। প্রকল্পের নাম ঃ বিলবাউচ মধ্যপাড়া পাকা রাস্তা হতে হাজী ইদ্রিস আলী মজুমদারের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন- বরাদ্দ = ১,০০,০০০/-<br>১৯। প্রকল্পের নাম ঃ কালিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ- বরাদ্দ = ২,০০,০০০/- | | |

| | | | |
|---|---|---|---|
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি সভাকে জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। সভায় উপস্থাপন ও আলোচনার জন্য কোন বিষয়বস্তু নেই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২১০-২২ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা, ৪০দিনের কর্মসৃজন কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থাপনযোগ্য আর কোন আলোচ্য বিষয় নেই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, সম্প্রতি তাদের দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্মিত নতুন ভবন হস্তান্তরিত হয়েছে। নবনির্মিত ভবনে অধিকাংশ কর্মকর্তা-কর্মচারী দাপ্তরিক কার্যক্রম করছেন। তিনি সভাকে জানান যে, তার দপ্তর কর্তৃক প্রণীত কৌশলপত্রের মাধ্যমে রবি মৌসুমে শীতকালীন ফসল উৎপাদনে টার্গেট পূরণ করা সম্ভব হবে। বৈরী আবহওয়ার কারণে শীতকালীন ফসলের কিছুটা ক্ষতি হলেও টার্গেট পূরণের লক্ষ্যে সকলে সার্বিক সহায়তা প্রদান করলে ক্ষতি পুষিয়ে নেয়া সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পেড়ুলী বিলের পানি নিষ্কাশনসহ নতুন করে ফসল উৎপাদন করার সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে, কিন্তু তা সাময়িক কার্যকর থাকবে। স্থায়ী সমাধান করার লক্ষ্যে উপজেলা পরিষদ হতে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বর্তমান মৌসুমে এ উপজেলায় কোন সারের সংকট নেই এবং আগামী ২/১ মাসের মধ্যে সারের সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই। তিনি আরো বলেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় কৃষি বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সরকারের বিভিন্ন নির্দেশনা প্রতিপালন করেছেন এবং সাধারণ জনগন যাতে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে গুরুত্বেও সাথে কাজ করেছেন। ভবিষ্যতেও সরকারের যে কোন ধরণের সিদ্ধান্ত মাঠ পর্যায়ে প্রতিপালনে অগ্রণী ভূমিকা পালন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | ১। বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পরিষদের মাষ্টারপ্লান মোতাবেক কোন অব্যবহৃত ফাঁকা জায়গা না থাকায় কৃষি বিভাগের কৃষি সেড নির্মাণের জন্য কোন জমি বরাদ্দ প্রদান করা সম্ভব নয় মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে। অচীরেই বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে উপজেলা "পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করা হবে। বর্তমানে উপজলা পরিবার পরিকল্পনা অফিসের অবকাঠামোগত অবস্থা অত্যন্ত নাজুক পর্যায়ে রয়েছে। এ্যরের দেয়ালের প্লাষ্টার, ছাদের প্লাষ্টার খসে পড়ছে। মাছে মাঝে ছাদ হতে বড় বড় ঢালাইয়ের খন্ড খসে পড়ছে। যে কোন মুহুর্তে অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ দুর্ঘটনার স্বীকার হতে পারেন। তিনি সাময়িক সময়ের জন্য অফিসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার নিমিত্ত উপজেলা পরিষদের অভ্যন্তরে অফিস কক্ষ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিস যথাযথভাবে প্রতিপালন করছেন এবং মানুষকে নিরলসভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অব্যাহত আছে ও থাকবে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে , ১। বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিসকে যথাযথভাবে প্রতিপালনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিস কক্ষ বরাদ্দের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় যে, যেহেতু উপজেলা পরিষদের অভ্যন্তরে বা উপজেলা পরিষদের নিয়ন্ত্রণে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত কোন ভবন বা কক্ষ নেই সেহেতু উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিসের জন্য কোন ভবন বা কক্ষ বরাদ্দ প্রদান করা সম্ভব নয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা অনুসরণ করে কালিয়া উপজেলার প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। এ ছাড়া বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে প্রাথমিক বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ ছাড়া ক্লাস্টার ভিত্তিক শিক্ষকবৃন্দ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা কার্যক্রমের মধ্যে থাকে সে বিষয়ে শিক্ষা দপ্তরের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি সিদ্ধান্ত পাওয়া গেলেই পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে নবউদ্যোমে শিক্ষা কার্যক্রম চালু করার জন্য শিক্ষা বিভাগ সম্পূর্ণ প্রস্তুত আছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সচল রাখার জন্য অনলাইন শিক্ষা কার্যক্রম পুরোদমে চালু করাসহ শিক্ষকবৃন্দ স্ব স্ব ক্লাস্টার এলাকার অভিভাবকদের সাথে মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোজ-খবর নেয়ার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া সভায় উপস্থিত। তিনি জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ আইসটি ট্রেনিং ল্যাব এবং কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ সাইবার সেন্টার নির্মাণের জন্য নির্বাচিত জায়গা হতে UITRCA Phase-II-সার্ভে রিপোর্ট অনুযায়ী বৈদ্যুতিক খুঁটি এবং গাছ অপসারণ করতে হবে। তিনি বৈদ্যুতিক খুঁটি অপসারণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং গাছ অপসারণের জন্য উপজেলা পরিষদ-কে অনুরোধ করেন। এ ছাড়া তিনি আরো জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে<br>১। বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব চলাকালীন সময়ে সরকারি সিদ্ধানের আলোকে যতদিন পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে ততদিন অনলাইন শিক্ষা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার পক্ষ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়াকে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রস্তাবিত জায়গা হতে বৈদ্যুতিক খুটি অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রস্তাবিত জায়গা হতে গাছ অপসারণ/ কর্তন করার বিষয়ে ফরেষ্টার, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদানকৃত সকল সেবা চালু আছে। সকল সেবা অনলাইন ভিত্তিক চালু থাকায় বৈশ্বিক মহামারী করোকালীন সময়েও সকল সেবা অব্যাহত আছে। বিকাশ এজেন্টদের ভাতাভোগীদের হিসাব খোলার বিষয়ে সার্বিক সহায়তা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। চলতি অর্থ বছর হতে সকল ভাতাভোগীদের বিকাশের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। বিধবাভাতা, স্বামী পরিত্যাক্তা ভাতা, বেদে সম্প্রদায়ের জন্য বয়স্কভাতাসহ অন্যান্য সকল ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া বীর মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, কেন্দ্রীয় সার্ভারে তথ্য আপলোডসহ অন্যান্য কার্যক্রম সমাপ্ত হয়েছে। তিনি জানান বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস মোকাবেলায় সরকারের নির্দেশনা অনুসরণ পূর্বক উপজেলার অন্যান্য দপ্তরের সাথে সমন্বয় করে উপজেলা প্রশাসনের দিকনির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান আছে এবং তা অব্যাহত থাকবে বলে তিনি সকলকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে যুবক ও যুবা মহিলাদের আত্নকর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া যারা যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের ঋণ প্রদান করা হচ্ছে। ঋণ গ্রহীতারা যাতে করে আত্নকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে সে বিষয়ে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রেখেছেন। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্বায়িত মহিলাদের প্রশিক্ষণ, মাতৃত্বভাতা প্রদান, ভিজিডি প্রদান কার্যক্রম অব্যাহত আছে। বিগত ২০১৯-২০ অর্থ বছরে এ উপজেলার অনুকূলে বরাদ্দকৃত সকল ভাতার তালিকা প্রণয়ন পূর্বক প্রত্যেককে বই সরবরাহ করা হয়েছে। নতুন ২০২০-২১ অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া করোনা ভাইরাসের কারণে আপাতত মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। সরকারের নির্দেশনা পেলেই প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজে আরো গতিশীলতা আনয়নের বিষয়ে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল।<br>২। চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। |
| উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ভারপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের কারণে আনসার ভিডিপি-এর গ্রাম প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। করোনায় ক্ষতিগ্রস্থ অসহায় মানুষকে উপজেলা আনসার ও ভিডিপি-এর পক্ষ হতে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। এ ছাড়া সামাজিক দূরত্ব বজায় রাখা ও স্বাস্থ্য বিধি প্রতিপালনে মাঠপর্যায়ে আনসার ভিডিপি-এর সদস্যরা নিয়মিত কাজ করছেন। তিনি জানান তাদের দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা আনসার ভিডিপি অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান বৈশ্বিক মহামারি করোনার কারণে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের কাজ সাময়িক বন্ধ আছে। পরিস্থিতির উন্নতি হলে সরকারের নির্দেশনার আলোকে স্থগিতকৃত প্রকল্পের কাজ পুনরায় শুরু করা হবে। এ ছাড়া কালিয়া উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে সকল ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ( সাবান, ব্লিটিং পাউডার) বিনামূল্যে বিতরণ | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | করা হয়েছে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | | |
| উপজেলা প্রানিসম্পদ অফিস | উপজেলা প্রানিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের কারণে গবাদি পশুর চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদানে কিছুটা সমস্যা হলেও স্বাস্থ্যবিধি মেনে গবাদি পশুর চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। এ ছাড়া খামারিদের স্বাস্থ্য বিধি মেনে খামারের পশুদের পরিচর্চা করার প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কালিয়া উপজেলায় পর্যাপ্ত পরিমানে কোরবানীর পশু লালন পালন করা হচ্ছে। স্থানীয়ভাবে খামারে উৎপাদিত পশুর মানও ভাল। এ ছাড়া তিনি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা নার্সারী, বনবিভাগ | উপজেলা ফরেস্টার সভায় উপস্থিত। তিনি মুজিব বর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় প্রতিটি ইউনিয়নে একটি করে মডেল/ প্রদর্শনী সামাজিক বনায়ন বৃদ্ধি করার কার্যক্রম চলমান আছে। সে লক্ষ্যে উপজেলা নার্সারী হতে প্রতি ইউনিয়নে ১০০০টি ফলজ,বনজ এবং ঔষধী চারা গাছ বিনামূল্যে বিতরণ কর্মসূচী চলমান। তিনি উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানদের উপজেলা নার্সারী হতে গাছের চারা গ্রহণ করার অনুরোধ করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | সামাজিক বনায়ন বৃদ্ধিসহ মুজিববর্ষ উপলক্ষ্যে মডেল/প্রদর্শনী সামাজিক বনায়ন বাস্তবায়ন নিশ্চিত করার জন্য ফরেষ্টার, উপজেলা নার্সারী, বনবিভাগ, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, বনবিভাগ, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) সভায় উপস্থিত। তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। কাজের অগ্রগতি সন্তোষজনক। প্রকল্প সংশ্লিষ্টদের যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য তিনি অনুরোধ করেন। | | |

৪। বিবিধ ঃ

| | | | |
|---|---|---|---|
| বিবিধ -১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল সভায় জানান যে, কালিয়া উপজেলার সর্বকনিষ্ঠ শহীদ বুদ্ধিজীবি আঃ সালাম (শহীদ বীর মুক্তিযোদ্ধা) কালিয়া উপজেলার তথা সারা বাংলার গর্ব। শহীদ আঃ সালাম-এর নামে কালিয়া উপজেলার প্রাণকেন্দ্রে " সরকারি শহীদ আঃ সালাম ডিগ্রী কলেজ" নামীয় একটি কলেজ প্রতিষ্ঠিত আছে। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী বর্তমান আওয়ামীলীগ সরকারের আমলে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং স্থানীয় সর্বসাধারণের দাবী যেন " কালিয়া পাবলিক লাইব্রেরী- বড়দিয়া কলেজ মোড় ( আইডি নং-২৬৫২৮২০০২) পর্যন্ত রাস্তা" টি শহীদ আঃ সালাম-এর নামে নাম করণের দাবী উঠেছে। গণদাবীর প্রেক্ষিতে গণদাবীর প্রতি শ্রদ্ধা প্রদর্শণের লক্ষ্যে কালিয়া টেম্পু স্ট্যান্ড টু বড়দিয়া বাস স্ট্যান্ড পর্যন্ত রাস্তাটির নাম " শহীদ আঃ সালাম সড়ক" রাখার / করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান, সকল দপ্তর প্রধান উপজেলা চেয়ারম্যানের এই প্রস্তাবকে জোরালোভাবে সমর্থন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া পাবলিক লাইব্রেরী- বড়দিয়া কলেজ মোড় ( আইডি নং-২৬৫২৮২০০২) পর্যন্ত রাস্তা টি " শহীদ আঃ সালাম সড়ক" রাখার / করার প্রস্তাব অত্র সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| বিবিধ -২ | চেয়ারম্যান, বাবরা হাচলা বলেন যে, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা নিয়মিত অনুষ্ঠানের উপর গুরুত্বারোপ করেন এবং তারিখ নির্ধারিত থাকা উচিত মর্মে মতামত ব্যক্ত করেন। তিনি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার তারিখ নির্ধারণ করার বিষয়ে প্রস্তাব করেন। এ ছাড়া ডিপটিউবওয়েল স্থাপনের বিষয়ে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক জরিপের ফলাফলকে বিবেচনায় আনার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন যে, তার ইউনিয়নের দত্ত মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার শিক্ষক থাকলেও তিনি বিদ্যালয়ে উপস্থিত থাকেন না বা কোন দায়িত্ব পালন করনে না। কিন্তু তিনি নিয়মিত বেতন গ্রহণ করেন। এ বিষয়ে তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবী জানান। তিনি আরো জানান যে, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে বিভিন্ন দপ্তরের দায়িত্বশীল কর্মকর্তা-কর্মচারীদের জন্য কক্ষ সংরক্ষিত থাকলেও তারা নিয়মিত অফিসে বসেন না। তিনি সকল দপ্তরকে সমন্বয় করে ইউপি কমপ্লেক্স ভবনে অফিস করার জন্য অনুরোধ করেন। উপরোক্ত তিনি সিঙ্গের ডাঙ্গা ভাঙ্গা ব্রীজ মেরামত করার বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করেন। | চেয়ারম্যান, বাবরা হাচলা ইউপি এর প্রস্তাব/বক্তব্যের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা পূর্বক সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় যে,<br>১। দাপ্তরিক কার্যক্রম, পারিপার্শ্বিক অবস্থা এবং চলমান করোনা পরিস্থিতি বিবেচনা করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার তারিখ নির্ধারণের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br>২। ডিপটিউবওয়েল স্থাপনের বিষয়ে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জরিপের ফলাফলকে গুরুত্বারোপ করা হবে।<br>৩। দত্ত মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার শিক্ষকের বিষয়ে মাধ্যমিক শিক্ষা অফিস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪। সকল দপ্তর পরস্পর আলোচনা করে পর্যায়ক্রমে ইউপি কমপ্লেক্স ভবনে অফিস করকেন।<br>৫। সিঙ্গের ডাঙ্গা ভাঙ্গা ব্রীজ মেরামত করার বিষয়ে স্থানীয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | | সরকার প্রকৌশল অধিদপ্তর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | |
| বিবিধ -৩ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় বলেন যে, কালিয়া উপজেলার " ফুলদাহ (RHD) সবুর মোল্যার বাড়ীর নিকট হতে নায়েব গাজীর বাড়ীর পাশ দিয়ে বালাম মোল্লার বাড়ীর নিকট পর্যন্ত রাস্তা"-টি এলজিইডি-এর আইডিভূক্ত নেই। তিনি রাস্তাটির ব্যবহারিক গুরুত্বের কথা বিবেচনা করে এলজিইডি-এর আইডিভূক্ত করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলার " ফুলদাহ (RHD) সবুর মোল্যার বাড়ীর নিকট হতে নায়েব গাজীর বাড়ীর পাশ দিয়ে বালাম মোল্লার বাড়ীর নিকট পর্যন্ত রাস্তা"-টি এলজিইডি-এর আইডিভূক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| বিবিধ -৪ | চেয়ারম্যান, পুরুলিয়া ইউপি, চেয়ারম্যান চাঁচুড়ী ইউপি, চেয়ারম্যান, সালামাবাদ ইউপি, চেয়ারম্যান, জয়নগর ইউপি, চেয়ারম্যান, হামিদপুর ইউপি, চেয়ারম্যান, পহরডাঙ্গা ইউপি, চেয়ারম্যান, খাশিয়াল ইউপি, চেয়ারম্যান, মাউলী ইউপি যবায় জানান যে, তারা স্ব স্ব ইউনিয়নকে মাদকমুক্ত, দুর্নীতি মুক্ত মডেল ইউনিয়ন হিসেবে প্রতিষ্ঠিত করতে চান। এ বিষয়ে সকলেরর সার্বিক সহায়তা কামনা করেন। এ ছাড়া তারা সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুবিধাভোগীদের হয়রানী লাঘবের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরকে সার্বিক সহায়তা প্রদানের জন্যও অনুরোধ করেন। উপস্থিত চেয়ারম্যানবৃন্দ তাদের ইউনিয়নের সকল ধরণের কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহায়তা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি চেয়ারম্যানদের প্রস্তাবের প্রতি আকৃষ্ঠ সমর্থন জানিয়ে সকল দপ্তরকে সার্বিক সহায়তা প্রদানের জন্য সভার পক্ষ হতে দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধান কালিয়া, নড়াইল। |
| বিবিধ -৫ | চেয়ারম্যান, বড়নাল ইলিয়াছাবাদ ইউপি বলেন যে, তার ইউনিয়ন অবহেলিত ইউনিয়ন। তার ইউনিয়নের রাস্তা ঘাটের অবস্থা ভাল নয়। তিনি আরো জানান যে, কতিপয় রাস্তা তিনি ইতোমধ্যে নিজস্ব অর্তায়নে মেরামত / সংস্কার কাজ সম্পন্ন করেছেন। তিনি আরো বলেন যে, কালিয়া উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালনা পর্যদ গঠনের বিষয়ে সকল প্রকার আইন,বিধি অনুসরণ করার বিষয়ে গুরুত্বারো করেন। কোন শিক্ষা প্রতিষ্ঠানে যাতে করে অনিয়মতান্তিক উপায়ে পরিচালনা পর্যদ যাতে গঠিত হতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সতর্ক দৃষ্টি রাখার বিষয়ে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার সকল শিক্ষা পতিষ্ঠানের পরিচালনা পর্যদ গঠনের বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র, আইন ও বিধি অনুসরণ করার বিষয়ে সভার পক্ষ হতে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও প্রিজাইডিং অফিসারদের অনুরোধ করা হয়। মাধ্যমিক শিক্ষা অফিসার বিষয়টি নিশ্চিত করবেন। | ১ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া<br>২। মনোনীত প্রিজাইডং অফিসার, কালিয়া এবং<br>৩। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কালিয়া। |
| বিবিধ -৬ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, কালিয়া টু বড়দিয়া রাস্তা সম্প্রসারণ করতে গিয়ে রাস্তার দু'পাশের অনেক গাছ কর্তন পূর্বক অপসারণ করতে হচ্ছে। এরই ধারাবাহিকতায় কালিয়া পৌরসভার অভ্যন্তরে উপজেলা পরিষদের নিজস্ব জায়গার মধ্যে উপজেলা পরিষদ মেইন গেটের ৫০´ পশ্চিম পার্শ্বে চেইনেজ ২৫০-৩০০-এর মধ্যে একটি কালো বাবরা এবং একটি বড় মেহগনি গাছ ছিলো যা উপজেলা পরিষদের গত ০৬/০৫/২০২১খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক কর্তণ পূর্বক উপজেলা পরিষদের অভ্যন্তরে সংরক্ষণ করা হয়েছে। গাছ কর্তনের পূর্বে পরৈষ্টার, কালিয়া, নড়াইল-এর মাধ্যমে গাছের প্রাক্কলন ও মূল্য নির্ধারণ করা হয়েছে। কর্তনকৃত গাছগুলি নিলামে বিক্রয় পূর্বক প্রাপ্ত অর্থ সরকারি গোষাগারে জমা প্রদান করা আবশ্যক হওয়ায় তা নিলামে বিক্রয় করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সামনের রাস্তা হতে কর্তনকৃত গাছগুলি বিধিমতে নিলামে বিক্রয় পূর্বক প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়ইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |
| বিবিধ -৭ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, কালিয়া উপজেলা পরিষদের জীপগাড়ী নং-নড়াইল-ঘ-১১-০০১০ জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য গত ১৪/১১/২০২১খ্রি. তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে বিধি মোতাবেক বর্ণিত জীপগাড়ী মেরামতের জন্য দরপত্র বিজ্ঞপ্তি আহবান করত কোটেশন সংগ্রহ পূর্বক যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রাপ্ত কোটেশনে বর্ণিত জীপগাড়ীটি মেরামতের জন্য সর্বনিম্ন দর হিসেবে ৩,৬৭,২০০/- তিন লক্ষ সাতষট্রি হাজার দুইশত) টাকা গৃহীত ও অনুমোদিত হয়েছে। দরপত্র যাচাই-বাছাই কমিটি কর্তৃক উক্ত সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান জনপ্রিয় মটরস ওয়ার্কসপ, যশোর কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাজার যাচাই কমিটি কর্তৃক যাচাই অন্তে প্রদত্ত দর বাজার মূল্যে সঠিক হওয়ায় উক্ত দর গ্রহণ করার জন্য সুপারিশ করেছেন। জেনারেল মটরস ওয়ার্কসপ, যশোর কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ৩,৬৭,২০০/- (তিন লক্ষ সাতষট্রি হাজার দুইশত) টাকা দিয়ে গাড়ীটি মেরামতের জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন করার জন্য সভায় প্রস্তাব করেন। এ ছাড়া ৩,৬৭,২০০/- (তিন লক্ষ সাতষট্রি হাজার দুইশত) টাকা দিয়ে জীপগাড়ী মেরামত করার জন্য উপজেলা রাজস্ব তহবিলে প্রয়োজনীয় অর্থ মজুদ আছে। উক্ত প্রস্তাবের বিষয়ে সভায় বিস্তারিত আলেঅচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা কালিয়া উপজেলা পরিষদের জীপগাড়ী নং-নড়াইল-ঘ-১১-০০১০ জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদ গ্রহণ করতঃ জীপগাড়ীটি মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের সভার পক্ষ হতে অনুরোধ করা হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ -৮ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল সভায় জানান যে, উপজেলা পরিষদের এডিপি প্রকল্প বাস্তবান সংক্রান্ত টেন্ডার বিজ্ঞপ্তি, বিভিন্ন হাট-বাজার ইজারা প্রদান বিজ্ঞপ্তি, খেয়াঘাট, জলমহাল ইজারা বিজ্ঞপ্তি বিভিন্ন পত্রিকায় প্রকাশ করা হয়েছে। পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিল বিভিন্ন সময়ে দেরিতে পাওয়ায় তা পরিশোধে বিলম্ব হয়েছে। এভাবে বিভিন্ন পত্রিকার পাওনা বিজ্ঞপ্তি বিল পরিশোধের জন্য পরিষদে জমা পড়ে আছে। তিনি বকেয়া পত্রিকা বিজ্ঞপ্তি বিল সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কাছে, দৈনিক গ্রামের কাগজ, দৈনিক পূর্বাঞ্চল, দৈনিক জনকন্ঠ, দৈনিক যুগান্তর, দৈনিক সমকাল, ডেইলী ষ্টার, ডেইলী ইনডিপেন্ডেন্টসহ অন্যান্য পত্রিকার বিল প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ -৯ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-১ শাখা), এর গত ১৩/০৪/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২-নং স্মরক পত্রটি উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যানগণের অনুকূলে বরাদ্দকৃত পুরাতন জীপগাড়ী পরিত্যাক্ত/ অকেজো ঘোষনা করতে হবে। এ বিষয়ে গঠিত কমিটির একটি সভা আহবান করতঃ পূর্ণাঙ্গ প্রস্তাব মন্ত্রণালয়েও প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুকূলে বরাদ্দকৃত পুরাতন জীপগাড়িটি অকেজো ঘোষনার নিমিত্ত মন্ত্রণালয় গঠিত কমিটির সভা আহবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ -১০ | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল জানান যে, গত ২৫/০৪/২০১৯খ্রি. তারিখে উপজেলা পরিষদের দায়িত্বভার গ্রহণ করার পর হতে লক্ষ্য করা যাচ্ছে যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস এবং বাসভবন অত্যন্ত অপরিচ্ছন্ন । পরিষ্কার করার মত কোন জনবল না থাকায় দীর্ঘদিন তা পরিষ্কার করা হয়নি। ফলে অফিসের এবং বাসভবনের বাথরুম প্রায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। এ কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, উন্নয়ন শাখা-১- এর ১৪/০৭/২০০৩ খ্রিঃ তারিখের- অম/অবি/উঃ-১/বিবিধ-৬/২০০৩/১৪৮৯ নং স্মারকে জারীকৃত পরিপত্রের (গ) নং অনুচ্ছেদে " কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এবং জনপ্রশাসন ( সাবেক সংস্থাপন) মন্ত্রণালয়ের ২৭/০৭/২০০৩ খ্রিঃ তারিখের সম(প্রশাসন-১)-৬৮/২০০৩-৫৫২ নং স্মারকে জারীকৃত পত্রে অর্থ মন্ত্রণালয়ের অম/অবি/উঃ-১/বিবিধ-৬/২০০৩/১৪৮৯ নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক একজন নতুন পরিচ্ছন্নতাকর্মী ( সুইপার) নিয়োগের প্রস্তাব করেন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের সাথে পরামর্শ করে নতুন পরিচ্ছন্নতাকর্মী ( সুইপার) নিয়োগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-১১ | ***************************************************************<br>***************************************************************<br>*************************************************************** | ************************<br>************************<br>************************ | ******************<br>******************<br>****************** |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২১- ৭১ (৫০)

তারিখঃ- ২৬/০১/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ......................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।